



উত্তরা ব্যাংক লিমিটেড

প্রধান কার্যালয়


৪৭, শহীদ বীর উত্তম আসফাকুস সামাদ সড়ক, মতিঝিল

ঢাকা-১০০০।

টেন্ডার নোটিশ

ব্যাংকের কর্মচারীদের (নন - অফিসার) ২০২৩ ইং সালের গ্রীষ্মকালীন পোশাক সরবরাহের নিমিত্তে কাপড় সরবরাহের জন্য পূর্ব অভিজ্ঞতা সম্পন্ন প্রতিষ্ঠানের নিকট থেকে সীলমোহরকৃত দরপত্র আহ্বান করা যাচ্ছে। দরপত্রের সিডিউল স্টেশনারী এন্ড রেকর্ডস ডিপার্টমেন্ট (৮ম তলা), উত্তরা ব্যাংক লিমিটেড, প্রধান কার্যালয়, ৪৭, শহীদ বীর উত্তম আসফাকুস সামাদ সড়ক, মতিঝিল, ঢাকা থেকে ১,০০০/- (এক হাজার) টাকার পে-অর্ডার (অফেরতযোগ্য) এর বিনিময়ে ১৭ই এপ্রিল ২০২৩ ইং তারিখ পর্যন্ত যে কোন কর্ম দিবসে অফিস চলাকালীন সময়ে পাওয়া যাবে। উক্ত পে-অর্ডার টি 'উত্তরা ব্যাংক লিমিটেড, প্রধান কার্যালয়' এর অনুকূলে যে কোন স্থানীয় বাণিজ্যিক ব্যাংকের শাখা থেকে ক্রয় করে দাখিল করা যাবে।

সিডিউল সংগ্রহের সময় হালনাগাদ ট্রেড লাইসেন্স, আয়কর সনদপত্র, ভ্যাট রেজিস্ট্রেশন সার্টিফিকেটের মূল কপি প্রদর্শন করতে হবে যাহা প্রয়োজনীয় নিরীক্ষার পর ফেরত দেয়া হবে। উক্ত সনদপত্র সমূহের সত্যায়িত ফটোকপি এবং উদ্ধৃত মূল্যের ৫% আর্নেস্টম্যানি (ফেরতযোগ্য) 'উত্তরা ব্যাংক লিমিটেড, প্রধান কার্যালয়' এর অনুকূলে যে কোন স্থানীয় বাণিজ্যিক ব্যাংকের শাখা থেকে ক্রয়কৃত পে-অর্ডার সহ দরপত্র ১৮ই এপ্রিল ২০২৩ ইং তারিখে বেলা ১১.৩০ ঘটিকার মধ্যে অত্র অফিসের ৮ম তলায় রক্ষিত টেন্ডার বাক্সে দাখিল করতে হবে এবং ঐ দিনই বেলা ১২.০০ ঘটিকায় দরপত্র দাতাদের অথবা তাদের প্রতিনিধিদের উপস্থিতিতে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র খোলা হবে। পূর্ব অভিজ্ঞতা নেই এমন প্রতিষ্ঠানের দরপত্রে অংশগ্রহণ করার প্রয়োজন নেই। ব্যাংক কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকেই যে কোন অথবা সকল দরপত্র গ্রহণ বা বাতিলের অধিকার সংরক্ষণ করে।


ডেপুটি জেনারেল ম্যানেজার